


 বন্ধ করুন


 প্রিন্ট করুন

## প্রথম অধিবেশনেই সংসদীয় কমিটি হচ্ছে সভাপতির চারটি পদ বিএনপির জাতীয় পার্টি পাচ্ছে তিনটি

নিজস্ব প্রতিবেদক

নবম জাতীয় সংসদের চলতি অধিবেশনেই সংসদের মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটিসহ সব কটি সংসদীয় কমিটি গঠন করা হবে। এর মধ্যে মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটি ৩৭টি ও সংসদীয় কমিটি ১০টি। এই ৪৭টি কমিটির মধ্যে সংসদীয় কমিটি, কার্য উপদেষ্টা কমিটি ও একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। বাকি ৪৪টি কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে।

এবার সংসদীয় কমিটি গঠনের গুরুত্বপূর্ণ দিক হলো বিরোধী দল থেকেও কমিটির সভাপতির পদ দেওয়া। বাংলাদেশের ইতিহাসে এবারই প্রথম সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির পদ বিরোধী দলকে দেওয়া হচ্ছে। এর আগে পঞ্চম সংসদ পর্যন্ত মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি থাকতেন সংশ্লিষ্ট মন্ত্রী নিজেই। ১৯৯৬ সালে গঠিত সপ্তম সংসদে আওয়ামী লীগ সরকার এ সংক্রান্ত বিধি সংশোধন করে কমিটির সভাপতি পদে মন্ত্রীর বদলে একজন সাংসদকে সভাপতি করার বিধান চালু করে। তবে ওই সংসদে বিরোধী দলের সাংসদেরা কোনো কমিটির সদস্য ছিলেন না। তবে সরকার গঠনে সমর্থন দেওয়ায় জাতীয় পার্টির সাংসদ আনোয়ার হোসেন মঞ্জুকে মন্ত্রী ও অপর সাংসদ ডু টি আই এম ফজলে রাস্কীকে কৃষি মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সভাপতি করা হয়েছিল।


সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, সরকারি দল ৩৭টি মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটির মধ্য থেকে আসনপ্রাপ্তির সংখ্যানুপাতের হিসাবে বিএনপিকে চারটি এবং জাতীয় পার্টিকে তিনটি সভাপতির পদ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বাকি ৩০টি মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটি এবং ১০টি সংসদীয় কমিটির পদ সরকারি দলের থাকবে। ১০টি সংসদীয় কমিটির মধ্যে পদাধিকারবলে স্পিকার কার্য উপদেষ্টা কমিটি, কার্যপ্রণালীবিধি কমিটি, বিশেষ অধিকার কমিটি এবং পিটিশন কমিটির সভাপতি হন। ডেপুটি স্পিকার পদাধিকারবলে লাইব্রেরি কমিটি এবং চিফ হুইপ সংসদীয় কমিটির সভাপতি হন।


স্পিকার অ্যাডভোকেট আবদুল হামিদ সংসদের প্রথম অধিবেশনেই সংসদীয় কমিটিগুলো গঠনের কথা উল্লেখ করে বলেন, আওয়ামী লীগ প্রতিশ্রুতি অনুসারে বিরোধী দলকে সংখ্যানুপাতে সভাপতির পদও দেবে।

বিরোধী দলকে সভাপতির পদ দেওয়ার কথা জানিয়ে সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ আব্দুস শহীদ বিএনপি এবং জাতীয় পার্টির কাছে চিঠি পাঠিয়েছেন। চিঠিতে বিএনপির কাছে সভাপতি হিসেবে চারজন এবং জাতীয় পার্টির কাছে তিনজনের নাম চাওয়া হয়েছে। এ ছাড়া চিফ হুইপ সব সাংসদের কাছে চিঠি পাঠিয়ে তাদের আগ্রহের মন্ত্রণালয়ের নাম জানতে চেয়েছেন। কোন মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট সাংসদ থাকতে চান, তা চিঠিতে জানতে চাওয়া হয়েছে। ইতিমধ্যে দেড় শতাধিক সাংসদ তাদের আগ্রহের মন্ত্রণালয়ের একাধিক নাম চিফ হুইপের কাছে জমা দিয়েছেন। সংসদের প্রথম অধিবেশনে সংসদীয় কমিটি গঠিত হলে বাংলাদেশের সংসদীয় ইতিহাসে এটিও হবে একটি রেকর্ড। অষ্টম সংসদ শুরুর প্রায় ২০ মাস পর ২০০৩ সালের ১৫ জুলাই বিরোধী দলের নাম বাদ রেখে দুই দফায় ৩৮টি মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটি গঠন করা হয়েছিল। সপ্তম সংসদেও কমিটি গঠন করা হয়েছিল সংসদ শুরুর প্রায় দেড় বছর পর।

সংসদের চিফ হুইপ আব্দুস শহীদ প্রথম আলোকে বলেন, প্রথম অধিবেশনে সংসদীয় কমিটি গঠনের রেকর্ড করা হবে। বিরোধী দলকে এবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুসারে সংখ্যানুপাতে সভাপতির পদ দেওয়া হবে। ইতিমধ্যে এ ব্যাপারে তাদের সঙ্গে যোগাযোগ হয়েছে বলেও তিনি জানান।

URL : <http://www.prothom-alo.com/print.php?t=h&nid=MjE3Njk=>


 বন্ধ করুন


 প্রিন্ট করুন

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

**Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.**  
 News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar,  
 Dhaka-1215.  
 Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-  
 alo.com

Copyright 2005, All rights reserved by  
**Prothom-Alo.com**  
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)